# ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এর উত্তম চর্চা (Best Practice) এর তালিকা

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
৮, রাজউক এভিনিউ, প্রধান কার্যালয়, ঢাকা।

# ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

## প্রধান কার্যালয়, ঢাকা।

**ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর উত্তম চর্চা (Best Practice) এর তালিকাঃ**

| ক্রমিক নং | উত্তম চর্চা | উত্তম চর্চার বিবরণ |
|---|---|---|
| ০১. | মহামারী/ আপদকাল মোকাবেলায় বিশেষ পদক্ষেপের রূপরেখা প্রণয়ন। | আইসিবি'র উদ্ভাবন কর্মপরিকল্পনায় বিশ্বব্যাপী মহামারী নভেল করোনা ভাইরাস (কোভিড-১৯) বিবেচনায় নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে:<br>১. করোনা পরিস্থিতি সম্পর্কিত মাননীয় প্রধানমন্ত্রীর ৩১ দফা নির্দেশনা অনুসরণ করা এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) ঘোষিত স্বাস্থ্য বিষয়ক দিকনির্দেশনা প্রতিপালন করার জন্য প্রচারণা চালানো;<br>২. ডিজিটাল প্ল্যাটফর্মে বিভিন্ন সভা/মিটিং/সেমিনার সম্পন্ন করা;<br>৩. যথাসম্ভব ডিজিটাল প্ল্যাটফর্মে প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন করা; প্রশিক্ষণার্থীদেরকে মহামারী প্রতিরোধক সুরক্ষা সরঞ্জামাদি প্রদান করা; এবং<br>৪. প্রতিটি ফ্লোরের এন্ট্রি পয়েন্টে মাস্ক পরিধান সংক্রান্ত স্টিকার স্থাপন এবং গ্রাহক, বিনিয়োগকারী ও কর্মচারীদের মধ্যে সামাজিক/ শারীরিক দূরত্ব বজায় রাখার নির্দেশনা প্রদান করা। |
| ০২. | আইসিবি ই-ডিরেক্টরি উন্নয়ন। | মোবাইল অ্যাপ্লিকেশন ব্যবহারের মাধ্যমে খুব সহজেই গ্রাহক/বিনিয়োগকারীগণকে আইসিবি'র কার্যক্রম সম্পর্কে তথ্য ও সেবা প্রদানের লক্ষ্যে উদ্ভাবনী ধারণার আলোকে ইতোমধ্যে 'আইসিবি পরিচিতি অ্যাপ' নামক একটি মোবাইল অ্যাপ্লিকেশন উন্নয়ন করা হয়েছে।<br>এছাড়া, আইসিবির কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে জরুরি প্রয়োজনে টেলিফোন, মোবাইল, এসএমএস ও ই-মেইল এর মাধ্যমে যোগাযোগের জন্য অ্যাপ্লিকেশনটিতে 'আইসিবি ই-ডিরেক্টরি' এর পাইলটিং করা হয়েছে। নিম্নে অ্যাপ্লিকেশনটির বিভিন্ন বিষয় সংক্ষেপে উল্লেখ করা হলো:<br>০১. অ্যাপ্লিকেশনটি বাংলা ও ইংরেজি উভয় মাধ্যমে অ্যান্ড্রয়েড অপারেটিং সিস্টেম নির্ভর মোবাইলে ব্যবহার করা যায়।<br>০২. অ্যাপ্লিকেশনটি গ্রাহক/বিনিয়োগকারী ও আইসিবির কর্মচারী উভয়ই ব্যবহার করতে পারে। এক্ষেত্রে অ্যাপ্লিকেশন ব্যবহারকারীর ইউজার নেম ও পাসওয়ার্ড ব্যবহারপূর্বক ই-ডিরেক্টরিতে প্রবেশের সুযোগ রয়েছে। ডিরেক্টরিতে কর্মচারীদের সাথে টেলিফোন/মোবাইল, এসএমএস ও ই-মেইল এর মাধ্যমে যোগাযোগের সুযোগ রয়েছে।<br>০৩. অ্যাপ্লিকেশনটি ব্যবহার করে আইসিবির কার্যক্রম, হেল্পডেস্ক, বিনিয়োগকারীগণের তথ্য, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, উদ্ভাবন কার্যক্রম, শুদ্ধাচার, তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার সিস্টেম, ফরমস্ ডাউনলোডসহ বিভিন্ন তথ্য পাওয়া যাবে।<br>০৪. অ্যাপ্লিকেশনটির মাধ্যমে আইসিবি'র পরিচালনা বোর্ড, চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালকসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ সম্পর্কিত তথ্য পাওয়ার ব্যবস্থা রয়েছে।<br>উক্ত সেবাটি কর্পোরেশনে কর্মরত কর্মচারীগণের কাজের গতি বৃদ্ধি, সময় সাশ্রয়, যাতায়াত ব্যয় ও ভিজিট হ্রাসের মাধ্যমে গ্রাহক সেবার মান উন্নয়ন ও কর্পোরেশনের সুনাম বৃদ্ধিতে ভূমিকা রাখছে। |
| ০৩. | ইউনিট ফান্ডের পুনঃক্রয় (Surrender) কৃত অর্থ BEFTN এর মাধ্যমে ব্যাংক হিসাবে জমাকরণ। | ডিজিটাল বাংলাদেশ তথা বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে সরকার ঘোষিত 'রূপকল্প ২০২১' বাস্তবায়ন, টেকসই উন্নয়ন অভিষ্ট লক্ষ্যমাত্রা ২০৩০ অর্জন এবং ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে উন্নত দেশের তালিকাভুক্তকরণে সরকারের সুদূর প্রসারী কর্মপরিকল্পনার অংশ হিসেবে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী 'নাগরিক সেবায় উদ্ভাবন' বিষয়ক কার্যক্রম আইসিবি'র বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ও বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়েছে। তারই ধারাবাহিকতায় আইসিবি ইউনিট গ্রাহকদের জন্য 'আইসিবি ইউনিট ফান্ডের পুনঃক্রয় (Surrender) কৃত অর্থ BEFTN এর মাধ্যমে ব্যাংক হিসাবে জমাকরণ' উদ্ভাবনী ধারণাটি বাস্তবায়ন করা হয়েছে। উক্ত সেবাটির মাধ্যমে গ্রাহকের ইউনিট ফান্ডের পুনঃক্রয় (Surrender) কৃত অর্থ চেকের পরিবর্তে গ্রাহকের নির্ধারিত ব্যাংক হিসাবে সরাসরি জমা করা হয়। ফলশ্রুতিতে বিনিয়োগকারীগণের সময় সাশ্রয় হচ্ছে, যাতায়াত ব্যয় ও ভিজিট সংখ্যা হ্রাস পাচ্ছে, গ্রাহক সেবার মান বৃদ্ধি পাচ্ছে এবং সর্বোপরি কর্পোরেশনের সুনাম বৃদ্ধি পাচ্ছে। |

Investment Corporation of Bangladesh
Human Resource Management Department
Dhaka

| ক্রমিক নং | উত্তম চর্চা | উত্তম চর্চার বিবরণ |
|---|---|---|
| ০৪. | ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ই-নথির ব্যবহার সর্বত্র চালুকরণ। | সরকারের নির্দেশনা মোতাবেক আইসিবিতে ই-নথির ব্যবহার বিদ্যমান রয়েছে। এ বিষয়ে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সকল ক্ষেত্রে ই-নথির ব্যবহার শতভাগে উন্নীতকরণের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণসহ যাবতীয় ব্যবস্থা গ্রহণ করেছে। বর্তমানে শাখা ও সাবসিডিয়ারি কোম্পানিসমূহে চালু করার প্রয়োজনীয় কার্যক্রম চলমান রয়েছে। |
| ০৫. | শুদ্ধাচার পুরস্কারের মাধ্যমে কর্মচারীদের দক্ষতা ও কাজের মান উন্নয়ন করা। | কর্মচারীদের দক্ষতা ও কাজের মান উন্নয়নে শুদ্ধাচার পুরস্কার উল্লেখযোগ্য ভূমিকা রাখে। ফলশ্রুতিতে কর্মচারীদের দক্ষতা ও কাজের গতি বৃদ্ধি, গ্রাহক সেবার মান উন্নয়ন, কর্মপরিবেশ উন্নয়ন এবং সর্বোপরি কর্পোরেশনের সুনাম বৃদ্ধি হয়। |
| ০৬. | অনলাইনের মাধ্যমে বিনিয়োগ হিসাবধারীদের শেয়ার ক্রয়/বিক্রয় সেবা চালুকরণ এবং পোর্টফোলিও ও আর্থিক বিবরণী প্রদান। | বিনিয়োগকারীগণকে ইতঃপূর্বে কর্পোরেশনে উপস্থিত হয়ে শেয়ার ক্রয়-বিক্রয়ের আদেশ প্রদান করতে হতো। এছাড়া, পোর্টফোলিও ও আর্থিক বিবরণী সংগ্রহের জন্যও সশরীরে উপস্থিত হওয়ার প্রয়োজন ছিল। বর্তমানে অনলাইনে বর্ণিত সেবাসমূহ প্রদান করায় বিনিয়োগকারীগণের সময় ও অর্থ সাশ্রয় হচ্ছে। |
| ০৭. | ইউনিট ফান্ড এর ডুপ্লিকেট লভ্যাংশ পত্র ইস্যুকরনের মাধ্যমে সেবা সহজীকরণ করা। | কর্পোরেশনের শাখা ও এজেন্ট ব্যাংকসমূহের ইউনিট হোল্ডারগণকে ইতঃপূর্বে ডুপ্লিকেট লভ্যাংশপত্র গ্রহণের জন্য প্রধান কার্যালয়ে এসে আবেদন করে স্বাক্ষর ভেরিফিকেশনের জন্য পুনরায় শাখা/এজেন্ট ব্যাংকের কার্যালয়ে যেতে হতো। স্বাক্ষর ভেরিফিকেশন পরবর্তীতে পুনরায় প্রধান কার্যালয়ে আসতে হতো। বর্তমানে শাখা ও এজেন্ট ব্যাংক সমূহের ইউনিট ধারকগণের স্বাক্ষর কেন্দ্রীয়ভাবে সংরক্ষণ করায় প্রধান কার্যালয় হতেই স্বাক্ষর সত্যায়নসহ ডুপ্লিকেট লভ্যাংশপত্র ইস্যু করা হচ্ছে। ফলশ্রুতিতে ইউনিট ধারকগণকে স্বাক্ষর ভেরিফিকেশনের জন্য সংশ্লিষ্ট শাখা/এজেন্ট ব্যাংকে যাওয়ার প্রয়োজন হয় না। প্রধান কার্যালয় থেকে স্বাক্ষর ভেরিফিকেশনপূর্বক ডুপ্লিকেট লভ্যাংশপত্র ইস্যু করা হয়ে থাকে। এছাড়া, লভ্যাংশপত্র নগদায়নের অবস্থান জানার ক্ষেত্রে ই-মেইল এর ব্যবহার এবং বিভাগীয় নোট উপস্থাপনের ধাপ কমানোর ফলে ইউনিট হোল্ডারগণের সময় ও অর্থ সাশ্রয় হচ্ছে এবং ভিজিট সংখ্যা হ্রাস পাচ্ছে। |

Investment Corporation of Bangladesh
Human Resource Management Department
Dhaka